২৬ দৈনিক ইত্তেফাক ১০।৯।2000 ৩ - ১

# প্রতিশ্রুতি সত্ত্বেও রাজধানীর অনেক শিক্ষা প্রতিষ্ঠানেই ছুটির দিনে ক্লাস হইতেছে না

ইত্তেফাক রিপোর্ট ॥ খোদ ঢাকা শহরেই বেশকিছু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শুক্রবারে ক্লাস গ্রহণ করিতেছে না। প্রায় ৪৫ দিন একটানা শিক্ষক ধর্মঘট শেষে শিক্ষক সমিতি ফেডারেশনসহ বিভিন্ন শিক্ষক সংগঠন ছাত্রছাত্রীদের ক্ষতি পোষাইয়া দেওয়ার জন্য শুক্রবার সাপ্তাহিক ছুটির দিনে অতিরিক্ত ক্লাস গ্রহণের প্রতিশ্রুতি দিয়াছিল।

(১৩ পৃঃ ১-এর কঃ দঃ)

## প্রতিশ্রুতি সত্ত্বেও

(৩য় পৃঃ পর)

গতকাল (শুক্রবার) ফেডারেশনের নেতৃবৃন্দ নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করিয়া দেখিয়াছেন, বেশকিছু শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস হইতেছে না। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ৪ সদস্যের প্রতিনিধি দল নগরীর বিজি প্রেস হাইস্কুল, সেগুনবাগিচা হাইস্কুল, রহিমা খাতুন উচ্চ বিদ্যালয়, কমিউনিটি সেন্টার আদর্শ উচ্চ বিদ্যালয়, তেজগাঁও মহিলা কলেজ, শেখ বোরহানউদ্দীন কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।